

প্রুফ সংশোধন

‘প্রুফ রিডিং’ কথাটি ইংরেজি শব্দ—এর আক্ষরিক অর্থ হল ছাপার ভুল সংশোধন করার জন্য যে প্রক্রিয়া—তাই। এজন্য এর নাম প্রুফ সংশোধন। যে কোন বিষয় ছাপতে গেলে আগে হাতে লিখতে বা টাইপ করে মূল পাণ্ডুলিপিটি প্রস্তুত করতে হয়। সেই পাণ্ডুলিপি ছাপাখানায় বা কম্পিউটারে ডি.টি.পি-তে পাঠাতে হয় কম্পোজ করার জন্য। কিন্তু হাতের লেখার অস্পষ্টতার কারণে বা যিনি অক্ষরগুলি সাজিয়ে বসাবেন তার অসাবধানতার জন্য প্রায়ই কিছু ভুল থেকে যায়। এই ভুলগুলো ছাপার অক্ষরে থাকা বাঞ্ছনীয় নয়। তাই প্রুফ দেখার প্রয়োজনীয়তা অনিবার্য হয়ে ওঠে।

যিনি ‘প্রুফ রিডার’ বা ছাপার ভুল সংশোধনের কাজ করবেন তাঁকে কয়েকটি বিষয়ের উপর নজর দিতে হবে—

(ক) ছাপার জন্য প্রয়োজনীয় বিষয়বস্তুটি ভাল করে পড়ে নিতে হবে।

(খ) চোখের দৃষ্টি তীক্ষ্ণ হওয়া প্রয়োজন। কোনভাবে যেন ভুল, চোখের দৃষ্টি এড়িয়ে না যায়।

(গ) শব্দের বানান, বাক্যগঠন এবং তার অর্থ বুঝতে হবে।

(ঘ) কোন শব্দের বানান বিভিন্ন রকম রাখা যাবে না। যেমন কোথাও ‘আচার্য’, আবার কোথাও ‘আচার্য’—এরকম বাঞ্ছনীয় নয়।

(ঙ) পাণ্ডুলিপি ও প্রুফের মধ্যে যে ফারাক বা তারতম্য সেটা প্রতি অক্ষর, শব্দ ও লাইনের মধ্যে চিহ্নিত করে, পৃষ্ঠার বাম দিক থেকে শুরু করে ক্রমে ডানদিকে তার সংকেত বসাতে হবে। যাতে সংশ্লিষ্ট কর্মী তার ভুলটা সংশোধন করে নিতে পারেন।

(চ) প্রুফ রিডিং শুধু বানান ভুল দেখা নয়, বহিরঙ্গিক সৌন্দর্যের প্রতিও পরীক্ষককে দৃষ্টি দিতে হবে। অর্থাৎ শ্রেণীবদ্ধভাবে সাজানো, কোনটা বড় অক্ষর হবে, কিংবা কোন চিহ্নের মধ্যে ফাঁক ঠিক আছে কিনা ইত্যাদি।

(ছ) একজন প্রুফ রিডার একাধারে হবেন বিভিন্ন বিষয় সম্পর্কে অভিজ্ঞ, বানান সম্পর্কে সচেতন ও ধৈর্যশীল। একজন দক্ষ, অভিজ্ঞ, সচেতন প্রুফ রিডার পুস্তক প্রকাশনার ক্ষেত্রে এক স্তম্ভস্বরূপ।

সর্বোপরি, প্রুফ রিডাররা নান্দনিক দিকের উপরও দৃষ্টি দেবেন।

৪ • প্রফ সংশোধন : রীতি ও পদ্ধতি

প্রফ সংশোধনের নিয়ম :

৮। —জুড়ে দাও Close up.

Trs./—স্থানান্তরিত কর বা চাল। Transfer.

L.c./—ছোট ছাঁদের হরফ। Small letters. (ইংরাজির ক্ষেত্রে)

Sm. Cap.—বড় ছাঁদের ছোট হরফ। Small Capitals. ”

Cap./—বড় অক্ষর। Change to Capital letter ”

All Cap—সবগুলো অক্ষর বড় হাতের হবে। All Cap ”

Ital/—বাঁকা অক্ষর বসাও। Replace with italic letters.

Str.—কাটা হরফ ঠিক রাখ। Put the lines though panned through.

N.P./—নতুন প্যারা আরম্ভ কর। Begin a new paragraph.

F₂/—মোটা অক্ষর দাও। Put antique letters.

Run on —এক লাইনে সাজাও। Put in the same line.

৬ —তুলে দাও বা বাদ দাও। Delete.

See Copy—কপি ছাড় গেছে। দেখে ঠিক কর। Insert the word or words omitted.

#/ —ফাঁক দাও। Insert space.

৩ —Inverted comma দাও। Put inverted comma.

৭ —কমা বসাও। Put a comma.

০। —ফুলস্টপ দাও। Put a full-stop.

Eq#/—ফাঁক সমান কর। Equalize spacing.

Less #/—ফাঁক কমাও। Reduce space.

৮। —কোন অক্ষর নীচে বসলে, যেমন— (উজ্জ্বল)

৩। —কোন অক্ষর উপরে বসলে, যেমন— (লম্ব)

F₁ —সরু হরফ।

Pt. up —টাইপ বড় কর।

Pt. down —টাইপ ছোট কর।

=/ —লাইন সমান কর।

xx/—শব্দ জড়িয়ে গেলে।

নমুনা—১

□ পাণ্ডুলিপি :

‘ঝি’ শব্দটির আদি অর্থ ছিল কন্যা বা মেয়ে। এখন ‘ঝি’ বলতে বাড়ির বেতনভোগী কাজের মেয়েকে বোঝায়। ফলে শব্দটির অর্থবিস্তার ঘটেছে—এবং একই সঙ্গে অর্থাবনতিও ঘটেছে।

* প্রফ :

৩

‘ঝি’ শব্দটির আদি অর্থ হল কন্যা বা মেয়ে। এখন ‘ঝি’ বলতে বাড়ির বেতনভোগী কাজের মেয়েকে বোঝায়। ফলে শব্দটির অর্থবিস্তার ঘটেছে—এবং একই সঙ্গে অর্থাবনতিও ঘটেছে।

(—) #

* প্রফ সংশোধন :

৩

‘ঝি’ শব্দটির আদি অর্থ হল কন্যা বা মেয়ে। এখন ‘ঝি’ বলতে বাড়ির বেতনভোগী কাজের মেয়েকে বোঝায়। ফলে শব্দটির অর্থবিস্তার ঘটেছে—এবং একই সঙ্গে অর্থাবনতিও ঘটেছে।

ছি।

ভো।

২।

#১

○ বিশ্লেষণ :

পাণ্ডুলিপি	প্রফ	সংশোধনের রূপ
‘ঝি’	‘ঝি’	৩
ছিল	হল	ছি।
বেতনভোগী	বেতনভোগী	ভো।
অর্থবিস্তার	অর্থবিস্তার	২।
ঘটেছে—	ঘটেছে	—১
একই সঙ্গে	একই সঙ্গে	#১

নমুনা—২

□ পাণ্ডুলিপি :

আমি অন্তঃপুরের মেয়ে,
চিনবে না আমাকে।
তোমার শেষ গল্পের বইটি পড়েছি, শরৎবাবু,
'বাসি ফুলের মালা'।
তোমার নায়িকা এলোকেশীর মরণ-দশা ধরেছিল
পঁয়ত্রিশ বছর বয়সে।
পঁচিশ বছর বয়সের সঙ্গে ছিল তার রেষারেষি,
দেখলেম তুমি মহদাশয় বটে,
জিতিয়ে দিলে তাকে।
(—“সাধারণ মেয়ে”)

✱ প্রঃফ :

আমি অন্তঃ পুরের মেয়ে,
চিনবেন ন আমাকে।
তোমার শেষ গল্পের বইটি পড়ছি শরৎবাবু,
বাসি ফুলের মালা।
তোমার নায়িকা এলোকেশীর মরণ দশা ধরেছিল,
পঁয়ত্রিশ বছর বয়সে।
পঁচিশ বছর বয়সের সঙ্গে তার রেষারেষি,
দেখলেম তুমি মহদাশয় বটে,
জিতিয়ে দিলেম তাকে।
(—“সাধারণ মেয়ে”)

১১০০

প্রঃফ সংশোধন : রীতি ও পদ্ধতি • ৭

☆ প্রঃফ সংশোধন :

৫/ অমি অন্তঃপুরের মেয়ে, ০/১
চিনবে নু আমাকে। ৪/৫
তোমার শেষ গল্পের বইটি পুড়েছি শরৎবাবু, ১/২
৩/৪ বাসি ফুলের মালা। ৫
তোমার নায়িকা এলোকেশীর মরণ দশা ধরেছিল। ৬ ৪/১
পঁয়ত্রিশ বছর বয়সে।
পঁচিশ বছর বয়সের সঙ্গে তার রেবারেবি, ছিল ১
দেখলেম তুমি মহদাশয় বটে, ৪/১
জিতিয়ে দিলে তাকে। ৪/১
(—“সাধারণ মেয়ে”) F2/

○ বিশ্লেষণ :

পাণ্ডুলিপি	প্রঃফ	সংশোধনের রূপ
আমি	অমি	৫/১
অন্তঃপুরের	অন্তঃপুরের	০/১
চিনবে	চিনবে	৪/১
না	নু	৫/১
পড়েছি,	পুড়েছি	১/২
‘বাসি	বাসি	৫
মালা’	মালা	৫
মরণ-দশা	মরণ দশা	৬
ধরেছিল	ধরেছিল	৪
সঙ্গে ছিল তার	সঙ্গে তার	ছিল ১
বটে	বটে	৪
দিলে	দিলে	৪